

রবীন্দ্র-স্মরণে নেই বিজেপি

▶▶ পশ্চিমবঙ্গের গত বিধানসভা নির্বাচনের সময়ে নরেন্দ্র মোদীর লম্বা দাড়ি ও পোশাকের ধরন দেখে বিরোধী শিবিরের অনেকেই কটাক্ষ করে বলেছিলেন, বাংলার ভোট টানতে রবীন্দ্রনাথ ঠাকুরের চেহারা ধারণ করতে চাইছেন প্রধানমন্ত্রী! বুধবার পঁচিশে বৈশাখে নয়াদিল্লির সংবিধান সদনের সেন্ট্রাল হলে রবীন্দ্রনাথের ছবিতে কার্যত বিজেপির এক জন সাংসদকেও শ্রদ্ধা জানাতে দেখা গেল না। ছিলেন শুধু লোকসভার স্পিকার ওম বিড়লা এবং রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ। সেন্ট্রাল হলে রবীন্দ্র-প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান তৃণমূল সাংসদ জহর সরকার, সাগরিকা ঘোষ ও সাকেত গোখলে। তৃণমূলের রাজ্যসভার নেতা ডেরেক ও'ব্রায়েন অভিযোগ তোলেন, রবীন্দ্রনাথকেও অসম্মান করতে ছাড়ল না 'বাংলা-বিরোধী' বিজেপি। এমনকি বাংলার বিজেপি সাংসদেরাও কেউ এলেন না সংবিধান সদনে। এই প্রসঙ্গেই ডেরেক বলেন, “নরেন্দ্র মোদী ভোট চাইতে রবীন্দ্রনাথ সাজেন।”